সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

যশোর কর্পোরেট শাখা, যশোর।

টেলিফোন নং-০২৪৭৭৭৬০১৩৯

**অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ~~১২~~ ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।**

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ- মাস্টার মটরস, প্রোঃ- হোসেন মোঃ ওমর শরীফ, পিতা- মোঃ আবুল হোসেন,মাতা- মোছাঃ রোকেয়া বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ- খুলনা পুরাতন বাসষ্ট্যান্ড, ফাতেমা সুপার মার্কেট, কোতয়ালী,যশোর। স্থায়ী ঠিকানাঃ- সাং-কীর্তিপুর, ডাকঘর-ঝিকরগাছা, উপজেলাঃ- ঝিকরগাছা,জেলাঃ-যশোর।

এই মর্মে সর্ব সাধারনের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০২/০৭/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৯০,৫৯,১৩৪/= টাকা ( কথায়ঃ- নব্বই লক্ষ উনষাট হাজার এক শত চৌত্রিশ টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহর কৃত দরপত্র আহবান করা যাইতেছে।

মর্টগেজকৃত স্থাবর সম্পত্তির তফসীল

"১নং তফসীল"

| জেলা/থানা/মৌজা জে.এল. নং | খতিয়ান নম্বর | | | | দাগ নম্বর | | জমির পরিমান | সম্পত্তির মালিকের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সি.এস | এস.এ | আর.এস | পৃথক | সি.এস/এস.এ | আর.এস | | |
| জেলা-যশোর,থানা-ঝিকরগাছা মৌজা-কীর্তিপুর, জে.এল.নং-৬৭(ঝিকরগাছা পৌরসভাধীন) | ১৯৫ | ২৫৬ | ৬৮ | ১২১৭ | ৩৪৫ | ৫১৯ | ০৭ শতক | হোসেন মোঃ ওমর শরীফ |
| | ৩১৪ | ৩৯১ | ৬৮ | ১২১৭ | ৩৮০ | ৭১৬ | ১৭ শতক | |
| | ২১৬ | ২৮০ | ৬৮ | ১২১৭ | ৩৮১ | ৭১৯ | ০৯ শতক | |
| মোট = | | | | | | | ৩৩ শতক ডাঙ্গা জমি। | |

"২নং তফসীল"

| জেলা/থানা/মৌজা জে.এল. নং- | খতিয়ান নম্বর | | | | দাগ নম্বর | | জমির পরিমান | সম্পত্তির মালিকের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সি.এস | এস.এ. | আর.এস | সেপাঃ | সি.এস/এস.এ | আর.এস | | |
| জেলা-যশোর,থানা-ঝিকরগাছা,মৌজা-কৃষ্ণনগর জে.এল. নং-৬৮ (ঝিকরগাছা পৌরসভাধীন) | ১৭৮ | ২০১ | ২৬৮ | ২১২৩ | ৪৪৪ | ৯৭৭ | ১২.২৫ শতক | হোসেন মোঃ ওমর শরীফ |

সর্বমোট জমির পরিমান (০৭+১৭+৯+১২.২৫) = ৪৫.২৫ শতক ও তদুপরি নির্মানাদি

শর্তসমূহঃ

০১) আগামী-১৭/০৮/২০২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, যশোর কর্পোরেট শাখা, যশোর এবং জেনারেল ম্যানেজারস'স অফিস, যশোরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐদিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা এবং জেনারেল ম্যানেজারস'স অফিস, যশোর এ পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম,ঠিকানা,টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| | আর্নেষ্ট মানি/জামানতের পরিমান | অবশিস্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |

০৪) দাখিকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ( আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলামে ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্টেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয়বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

আপনার বিশ্বস্ত

মোঃ মনিরুজ্জামান
ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)
মোবাইল নং-০১৭৩০-৩৫৭৭৭২

DGM মহোদয়, কর্পোরেট

১। প্রথম আলো

২। দৈনিক লোকসমাজ — (যশোর) ও পত্রিকা